



পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৮.১৬.০০১.২০২০- ৭২৭

তারিখ ২৬ পৌষ ১৪২৭
৩২ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ কারাভ্যন্তরে অনাকাঙ্ক্ষিত/অস্বাভাবিক ঘটনার বিষয়ে কারা অধিদপ্তরকে অবহিতকরণ প্রসঙ্গে

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কারাগারে আকস্মিক কোনো অনাকাঙ্ক্ষিত/অস্বাভাবিক ঘটনা ঘটছে (যেমনঃ বন্দি পলায়ন বা পলায়নের চেষ্টা, বন্দির আত্মহত্যা বা আত্মহত্যার চেষ্টা ইত্যাদি), যা কারা অধিদপ্তরকে যথাসময়ে অবহিত করা হচ্ছেনা বিধায় কারা মহাপরিদর্শক ও অধিদপ্তরের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাকে মন্ত্রণালয় ও সাংবাদিক মহলে অনেক বিরতকর অবস্থার সম্মুখীন হতে হয়। যথাসময়ে সংশ্লিষ্ট বিষয়ে কারা অধিদপ্তর অবহিত থাকলে উর্ধ্বতন মহলে অবগত ও পরামর্শ করা যায়।

২। এমতাবস্থায়, কারাভ্যন্তরে কোনো অনাকাঙ্ক্ষিত/অস্বাভাবিক ঘটনা ঘটলে বা ঘটার সম্ভাবনা থাকলে কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শককে তাৎক্ষণিক মোবাইল ফোন/টেলিফোনের মাধ্যমে অবহিতকরণ এবং ঘটনার ২৪ ঘণ্টার মধ্যে কারা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত নির্দেশনা পালনে কোনো ব্যত্যয় ঘটলে দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।
ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর;

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার;
- ২। সহকারী কারা মহাপরিদর্শক সকল
কারা অধিদপ্তর, ঢাকা;
- ৩। জেল সুপার
সকল জেলা কারাগার;
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল
কারা অধিদপ্তর, ঢাকা। উল্লিখিত নির্দেশনাটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৭। স্টাফ অফিসার/ ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপমহাপরিদর্শক (সদর দপ্তর) এর অবগতির জন্য।